কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা “কবিতা/গল্প” সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড “এই যুগ অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন “এই যুগ অ্যাপ”



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 10 JULY 2026 ,FRIDAY | ১০ জুলাই ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-218


## কর্মীদের নিয়ে বৈঠক করলেন বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :** কুমারগ্রাম বিধানসভার ৫ নম্বর মন্ডলের ২৪৯ নম্বর বুথে কর্মীদের নিয়ে বৈঠক করলেন কুমারগ্রামের বিধায়ক তথা পশ্চিমবঙ্গের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। বিধানসভা ভোটের প্রাক্কালে তিনি তয়ঘোষণা করেছিলেন যে বুথ থেকে সর্বোচ্চ লিড দিতে পারবে সেই বুথের কার্যকর্তাদের পুরস্কৃত করবেন তিনি। পাঁচ নম্বর মণ্ডলের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের মজিদখানা হাই স্কুল বুথে পাঁচ শতাধিক ভোটে লিড দিয়েছেন বিজেপির বিধায়ক মনোজ কুমার ওরাওঁ। বিধায়ক মজিদ খানা কালীমন্দির প্রাঙ্গণে বৈঠক করে বিধায়ক তহবিল থেকে ১৫ লক্ষ টাকার কাজ করার কথা ঘোষণা করলেন তিনি। সর্বসম্মতিক্রমে পানীয় জলের সমস্যা দূর করা হবে এই ১৫ লক্ষ টাকা দিয়ে এমনটাই আলোচনা হয়েছে বৈঠকে। এদিন বৈঠকে ৫ নম্বর মন্ডলের মণ্ডল সভাপতি মতিলাল বর্মন থেকে শুরু করে বিজেপির বিভিন্ন নেতৃত্বরা উপস্থিত ছিলেন।

## কলকাতায় স্বাস্থ্য ভবনের ২৪×৭ সেন্ট্রাল মনিটরিং কন্ট্রোল রুম পরিদর্শনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৯ জুলাই :** বৃহস্পতিবার কলকাতায় স্বাস্থ্য ভবনের ২৪×৭ সেন্ট্রাল মনিটরিং কন্ট্রোল রুম পরিদর্শন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই কন্ট্রোল রুম থেকেই রাজ্যের সমস্ত সরকারি হাসপাতালের সিসিটিভি ফিড সার্বক্ষণিক নজরদারিতে রাখা হয় ,যাতে হাসপাতালগুলিতে রোগী পরিষেবার মান, হাসপাতালে ডাক্তার -কর্মী -রোগীদের নিরাপত্তা এবং রোগীদের পরিষেবা সংক্রান্ত অভিজ্ঞতা কিভাবে আরও উন্নত করা যায়।সেন্ট্রাল কন্ট্রোল রুম পরিদর্শনের সময় মাননীয় মুখ্যমন্ত্রী গোটা ব্যবস্থার কার্যপ্রণালী খতিয়ে দেখেন এবং স্বাস্থ্য পরিষেবাকে আরও দ্রুত, স্বচ্ছ ও জনমুখী করে তুলতে প্রয়োজনীয় নির্দেশ দেন। এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে উপস্থিত ছিলেন রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী ডাঃ শারদ্বত মুখোপাধ্যায় ।

# সরকারি নিষেধাজ্ঞা অমান্য করায় গ্রেপ্তার চারজন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :** সরকারি নিষেধাজ্ঞা সত্ত্বেও গো হত্যার অপরাধে চারজনকে গ্রেফতার করেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। বৃহস্পতিবার চারজনকেই আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে চারজনকে গ্রেফতার করা হয়েছে। শাহাজাহান হোসেন, শাদেদ হোসেন হামিদ হোসেন এবং সলমন শেখ কে গ্রেফতার করেছে পুলিশ। গো হত্যার জন্য সলমনকে কুমারগ্রাম ব্লকের পুখুড়িগ্রাম ডাংগি থেকে আনা হয়েছিল। অপরদিকে বাকি তিন অভিযুক্তদের বাড়ি মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ শিব কাটা এলাকায়। বিভিন্ন ধারায় মামলা শুরু করেছে পুলিশ।

# তৃণমূল কর্মীর বিরুদ্ধে আলিপুরদুয়ার থানায় লিখিত অভিযোগ পুলিশের এক কর্মীর



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :** আলিপুরদুয়ারে আগ্নেয়াস্ত্র দিয়ে ভয়ভীতি দেখানোর অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশের এক কর্মী এক তৃণমূল কর্মীর বিরুদ্ধে আগ্নেয়াস্ত্র প্রদর্শন করে ভয় দেখানো ও প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগ তুলে আলিপুরদুয়ার থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।অভিযোগের ভিত্তিতে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। অভিযোগে উল্লিখিত ঘটনার সত্যতা যাচাই, প্রত্যক্ষদর্শীদের বয়ান সংগ্রহ এবং প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।যদিও অভিযুক্ত তৃণমূল কর্মীর পক্ষ থেকে এখনও পর্যন্ত এই অভিযোগের বিষয়ে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত অভিযোগের সত্যতা সম্পর্কে চূড়ান্তভাবে কিছু বলা সম্ভব নয়।ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। তদন্তের অগ্রগতির উপর নজর রাখছে পুলিশ।

# চা-পাতার ন্যূনতম টেকসই মূল্য নির্ধারণে বিশেষজ্ঞ কমিটি গঠন করল টি বোর্ড



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :** চা শিল্পের দীর্ঘদিনের দাবিকে স্বীকৃতি দিয়ে ভারতের টি বোর্ড চা-পাতার ন্যূনতম টেকসই মূল্য (Minimum Sustainable Price বা MSP) নির্ধারণের সুপারিশ করতে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছে। এক মাসের মধ্যে কমিটিকে তাদের প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এই সিদ্ধান্তকে চা-বাগান মালিক, উৎপাদক এবং ক্ষুদ্র চা-চাষিরা স্বাগত জানিয়েছেন। তাঁদের মতে, এই উদ্যোগ চা-পাতার ন্যায্য ও টেকসই মূল্য নিশ্চিত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।উৎপাদন খরচ বৃদ্ধি, মূল্যস্ফীতি এবং নিলাম বাজারে চা-পাতার দামের ওঠানামার ফলে দীর্ঘদিন ধরেই চা শিল্পে আর্থিক চাপ তৈরি হয়েছে। শিল্পমহলের দাবি, উৎপাদকদের টেকসই আয় নিশ্চিত করতে বহু বছর ধরেই একটি নির্দিষ্ট মূল্য নির্ধারণ ব্যবস্থা চালুর প্রয়োজন ছিল।টি বোর্ডের ৮ জুলাই জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী, বিশেষজ্ঞ কমিটি চা শিল্পের বর্তমান পরিস্থিতি পর্যালোচনা করে উপযুক্ত এমএসপি নির্ধারণের সুপারিশ করবে। কমিটি গত ২০ বছরের চা-পাতার দাম, উৎপাদন ব্যয় এবং মূল্যস্ফীতির প্রবণতা বিশ্লেষণ করে এমএসপি নির্ধারণের সুপারিশ করবে। পাশাপাশি, উৎপাদন খরচ ও মূল্যস্ফীতির সঙ্গে সামঞ্জস্য রেখে প্রতি বছর চা-পাতার মূল্য সংশোধনের একটি স্থায়ী মূল্য নির্ধারণ ব্যবস্থারও প্রস্তাব দেবে।শিল্পমহলের দাবি, গত তিন দশকে উৎপাদন ব্যয় ধারাবাহিকভাবে বেড়েছে, কিন্তু নিলাম বাজারে চা-পাতার দাম সেই হারে বাড়েনি। এর ফলে বিশেষ করে ক্ষুদ্র চা-চাষি ও মাঝারি আকারের উৎপাদকরা আর্থিক সংকটে পড়েছেন। তাঁদের মতে, এমএসপি চালু হলে চা-পাতার দামের সুরক্ষা নিশ্চিত হবে, উৎপাদকরা ন্যায্য পারিশ্রমিক পাবেন এবং গোটা চা শিল্পে স্থিতিশীলতা আসবে।আলিপুরদুয়ারের সাংসদ ও ভারতীয় টি ওয়ার্কার্স ইউনিয়নের চেয়ারম্যান মনোজ টিগ্গা আশা প্রকাশ করেছেন ,এই মূল্য নির্ধারণ ব্যবস্থা দ্রুত কার্যকর করা হবে।

# আট বছরের নাবালিকা কে যৌন নির্যাতন ,গ্রেপ্তার একজন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :** আলিপুরদুয়ার জেলার কালচিনি  ব্লকের একটি এলাকায় আট বছরের এক নাবালিকাকে যৌন হেনস্থার অভিযোগে ৫৮ বছরের এক ব্যাক্তিকে গ্রেফতার করেছে কালচিনি পুলিশ। আজ অভিযুক্তকে আলিপুরদুয়ার আদালতে পাঠায় পুলিশ। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার  কাজে যাওয়ার সময় শিশুটিকে বাড়িতে রেখে যান তার মা। কিছুক্ষণ পর বাড়ি ফিরে মেয়েকে না পেয়ে প্রতিবেশীর বাড়িতে গিয়ে তাকে দেখতে পান। শিশুকন্যাকে দেখে তার সন্দেহ হয়। সন্দেহ হওয়ায় জিজ্ঞাসাবাদ করলে নাবালিকা অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগ করে। এরপর অভিযুক্তের নামে কালচিনি থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়অন্যদিকে অভিযোগ পেয়ে অভিযুক্তকে গ্রেফতার করে কালচিনি পুলিশ। অভিযুক্তের বিরুদ্ধে  মামলা দায়ের করে এদিন তাকে আলিপুরদুয়ার কোর্টে পাঠানো হয়। ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। নাবালিকার পরিবারের পাশাপাশি স্থানীরাও অভিযুক্তের কঠোর শাস্তির দাবি জানিয়েছেন।বিজেপি নেতা   উত্তম লামা জানিয়েছেন অভিযোগ পাওয়ার সাথে সাথে পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করেছে। আমরাও চাই অভিযুক্তদের কঠোর শাস্তি হোক।

# সিপিআইএম এর ডেপুটেশন লতাবাড়ী গ্রাম পঞ্চায়েতে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :** বিভিন্ন দাবিতে এদিন সিপিআইএম পক্ষ থেকে লতাবাড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান কাছে ডেপুটেশন প্রদান করা হয়। লতাবাড়ি এলাকায় একশো দিনের কাজ শীঘ্র চালু, হ্যামিল্টণগঞ্জে জল নিকাষি ব্যবস্থা করা, ডেইলি মার্কেট কে সুপার মার্কেটে রূপান্তরিত করা সহ, হ্যামিল্টণগঞ্জের মেইন রোড সম্প্রসারিত করা সহ একাধিক দাবিতে এদিন লতাবাড়ি প্রধানের কাছে ডেপুটেশন প্রদান করা হয়।

# ডাঙ্গী শ্মশান ঘাট এলাকায় লাইট চুরি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ জুলাই :** ডাঙ্গী শ্মশানঘাট এলাকায় লাগানো সোলার লাইট চুরি হয়ে গেছে এমনটাই দেখা গেল ওই এলাকায় গিয়ে। দুষ্কৃতীদের তান্ডব বেড়েছে কোহিনুর গ্রাম পঞ্চায়েত এলাকায়। বেশ কয়েকটি সোলার লাইট খুলে নিয়ে গেছে দুষ্কৃতীরা। গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি দপ্তর থেকে এই লাইটগুলো লাগানো হয়েছিল এমনটাই জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলে।তবে লাইক চুরির বিষয় নিয়ে কোন অভিযোগ হয়নি পুলিশের কাছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |